দৈনিক
জনকণ্ঠ

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ১৫ কলাম 2



*গাজীপুর : গাজীপুর সিটি মেডিক্যাল কলেজে শিক্ষার্থীদের মানববন্ধন* —জনকণ্ঠ

# গাজীপুরে সিটি মেডিক্যাল শিক্ষার্থীদের বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** অনিয়মের প্রতিবাদে এবং কলেজ মাইগ্রেশনের দাবিতে সোমবার সিটি মেডিক্যাল কলেজ হাসপাতালের শিক্ষার্থীরা ক্লাস বর্জন, মানববন্ধন, বিক্ষোভ ও সমাবেশ করেছেন।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, গাজীপুর সিটি কর্পোরেশনের চান্দনা চৌরাস্তাসংলগ্ন ইটাহাটা এলাকার সিটি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম ব্যাচের শিক্ষার্থীরা ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষে এমবিবিবিএস কোর্সে ভর্তি হন। এ কলেজের নিজস্ব কোন ভবন, জমি ও ক্যাম্পাস নেই।

এছাড়া হাসপাতালের অনুমোদন ও প্রয়োজনীয় চিকিৎসাসামগ্রীও নেই। এ মেডিক্যাল কলেজে বর্তমানে শিক্ষা কার্যক্রম চালানোর জন্য পর্যাপ্ত শিক্ষকও নেই। বাংলাদেশ মেডিক্যাল এ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) নীতিমালা মেনে না চলার কারণে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম এবং বিএমডিসির অনুমোদন স্থগিত করা হয় এবং সব শর্ত পূরণ করার জন্য এক বছর সময় দেয়া হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যেও কলেজ কর্তৃপক্ষ সরকারী শর্ত পূরণ করতে পারেনি। ফলে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম সম্পর্কে প্রাথমিকভাবে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক পূর্বঘোষিত সিদ্ধান্ত বহাল রাখে।

এ অবস্থায় শিক্ষার্থীরা ভবিষ্যত শিক্ষাজীবন নিয়ে অনিশ্চয়তার দিকে ধাবিত হচ্ছে। শিক্ষার্থীরা অনুমোদনহীন মেডিক্যাল কলেজে তাদের শিক্ষা কার্যক্রম চালাতে অনিচ্ছুক। এর প্রেক্ষিতে শিক্ষার্থীরা বিএমডিসি কর্তৃক অনুমোদিত মেডিক্যাল কলেজে স্থানান্তর করার জন্য দাবি জানান। মেডিক্যাল কলেজের শিক্ষার্থী তাসমিনা আনিকা জানান, শিক্ষার্থীরা প্রায় ১৬ লাখ টাকা দিয়ে এ মেডিক্যাল কলেজে ভর্তি হন। তারা প্রতি বছর সেশন ফি বাবদ ৭২ হাজার টাকা এবং প্রতি মাসে ৮ হাজার টাকা করে বেতন দিচ্ছেন। আর অন্যান্য ফি তো রয়েছেই। অথচ কলেজ কর্তৃপক্ষের অনিয়ম, দুর্নীতি আর অবহেলার কারণে শিক্ষার্থীরা শেষপর্যায়ে এসে এখন চরম অনিশ্চিয়তায় পড়েছেন।

শিক্ষার্থী আব্দুল্লাহ আল মামুন জানান, এ কলেজে নেপাল ও ভারতের অন্তত ২৭ শিক্ষার্থীসহ তিন শতাধিক শিক্ষার্থী রয়েছেন। ওই তিন ব্যাচের অনুমোদন ও রেজিস্ট্রেশনের শর্ত পূরণের জন্য কলেজের অধ্যক্ষ, চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালককে বিভিন্ন সময় তাগিদ দিলেও তারা এ বিষয়ে কোন সাড়া দেয়নি। এতে শিক্ষার্থীদের মাঝে হতাশা ও অসন্তোষ দেখা দেয়। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা কলেজ কর্তৃপক্ষের এসব অনিয়মের প্রতিবাদে এবং ওই মেডিক্যাল কলেজ থেকে অন্য মেডিক্যাল কলেজে মাইগ্রেশনের দাবিতে সোমবার সকাল হতে ক্লাস বর্জন, বিক্ষোভ ও সমাবেশ করেন। এ সময় তারা বেলা ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত মেডিক্যাল কলেজ হাসপাতালের সামনে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের পাশে মানববন্ধন কর্মসূচী পালন করেন। সমাবেশে বক্তারা কলেজের ওই তিন ব্যাচের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ব্যবস্থা করতে না পারলে অন্য কোন অনুমোদিত কলেজে তাদের মাইগ্রেশনের সুযোগ করে দেয়ারও দাবি জানান। এ বিষয়ে কলেজ সেক্রেটারি অশোক কুমার রায় বলেন, বিএমডিসি এ কলেজ প্রতিষ্ঠার পর প্রথম দুই বছর ছাড়া অন্য শিক্ষাবর্ষের জন্য অনুমোদন না দিলেও স্বাস্থ্য মন্ত্রণালয় ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ শিক্ষাবর্ষের জন্য শিক্ষার্থী ভর্তির অনুমোদন দিয়েছে। তবে পরবর্তী শিক্ষাবর্ষে স্বাস্থ্য মন্ত্রণালয়ের চূড়ান্ত সিদ্ধান্তের পর বিএমডিসি তাদের সিদ্ধান্ত জানাবে।

## মাইগ্রেশনের দাবি